

স্মারক নং -জাককানহাব/একাডেমিক (ছুটি)/৩৪/০৭/৩৯১৫

তারিখ : ২২/০১/২০২২

বিশেষ জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা প্রাদুর্ভাব আবারো বৃদ্ধির কারণে বর্তমান কোভিড-১৯ কে সকলে সম্মিলিতভাবে মোকাবেলা করার উদ্দেশ্যে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে ২১/০১/২০২২ তারিখে, নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.১৪১ স্মারকমূলে জারিকৃত সরকারি প্রজ্ঞাপন এবং অদ্য ২২/০১/২০২২ তারিখে অনুষ্ঠিত ৩৮তম (জরুরি) একাডেমিক কাউন্সিল সভার সুপারিশ ও পরবর্তী সিডিকেটের অনুমোদন সাপেক্ষে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম ২৩ জানুয়ারি ২০২২ হতে ০৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখ পর্যন্ত নিম্নরূপভাবে পরিচালিত হবে।

- ১। সকল সশরীর ক্লাস বন্ধ হয়ে পূর্বের ন্যায় অনলাইন ক্লাস চালু হবে। চলমান পরীক্ষাসমূহ যথাযথ কঠোর স্বাস্থ্যবিধি মেনে যথারীতি চালু থাকবে। পরীক্ষার হলে আসার জন্য মাস্ক পরা বাধ্যতামূলক।
- ২। এ সময়ে সামাজিক দূরত্ব মেনে সীমিত পরিসরে দাণ্ডরিক কার্যক্রম সকাল ৯.০০ টা থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত চালু থাকবে। তবে জরুরি পরিসেবাসমূহ এর আওতা বহির্ভূত থাকবে।
- ৩। চলমান ২০২০-২১ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রম পূর্ব নির্ধারিত সময়সূচি অনুযায়ী চালু থাকবে।
- ৪। যথাযথ কঠোর স্বাস্থ্যবিধি মেনে আবাসিক হলসমূহ খোলা থাকবে।
- ৫। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে কোন ধরনের জনসমাবেশ হতে পারবেনা। এ সময়ে বিশ্ববিদ্যালয়-সংশ্লিষ্ট কাজ নেই এমন কোন বহিরাগত ব্যক্তি ক্যাম্পাসে প্রবেশ করতে পারবেন না।
- ৬। বয়স্ক, সন্তান সম্ভবা ও অসুস্থ এমপ্লয়িগণ নিজ নিজ বিভাগ/দপ্তর প্রধানের পূর্বানুমোদন সাপেক্ষে বিভাগ/দপ্তরে অনুপস্থিত থাকতে পারবেন।
- ৭। উপরোক্ত ক্যাটাগরিসহ সকল এমপ্লয়িগণ স্টেশনে অবস্থান করবেন এবং তাঁদেরকে প্রয়োজনে অফিস/দপ্তর প্রধানগণ যখনই ডাকবেন তখনই উপস্থিত হওয়ার জন্য প্রস্তুত থাকতে হবে।
- ৮। এ সময়ে জরুরি সার্ভিসসমূহ (নিরাপত্তা, স্বাস্থ্যসেবা, চলমান অবকাঠামো উন্নয়ন কাজ, পানি, বিদ্যুৎ, গ্যাস, ভর্তি কার্যক্রম, টেলিফোন, পরিচ্ছন্নতা কার্যক্রম, বাগান পরিচর্চা, পরিবহন দপ্তর, ইন্টারনেট, অর্থ ও হিসাব দপ্তর এবং পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর ইত্যাদি) স্বাস্থ্যবিধি মেনে যথারীতি চালু থাকবে।
- ৯। উক্ত সময়ে বিশ্ববিদ্যালয়ের এমপ্লয়িগণ ও শিক্ষার্থীদেরকে স্ব-স্ব অবস্থানে স্বাস্থ্যবিধি মেনে নিরাপদে অবস্থান করার জন্য অনুরোধ করা হলো।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,

(কৃষিবিদ ড. মোঃ হুমায়ুন কবীর)

রেজিস্ট্রার

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং -জাককানহাব/একাডেমিক (ছুটি)/৩৪/০৭/৩৯১৫(১৬)

তারিখ : ২২/০১/২০২২

বিতরণ: (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়):

- ০১। ট্রেজারার, জাককানহাব, ত্রিশাল, ময়মনসিংহ।
- ০২। ডীন, সামাজিক বিজ্ঞান অনুষদ/ কলা অনুষদ/বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ/ ব্যবসায় প্রশাসন অনুষদ /আইন অনুষদ/চারুকলা অনুষদ
- ০৩। পরিচালক, ইন্সটিটিউট অব নজরুল স্টাডিজ, জাককানহাব।
- ০৪। বিভাগীয় প্রধান, বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ/ইংরেজী ভাষা ও সাহিত্য বিভাগ/সঙ্গীত বিভাগ/সিএসই বিভাগ/অর্থনীতি বিভাগ/হিসাববিজ্ঞান ও তথ্য পদ্ধতি বিভাগ/চারুকলা বিভাগ/ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ/থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ/ইইই বিভাগ/হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ/লোকপ্রশাসন ও সরকার পরিচালনবিদ্যা বিভাগ/ফোকলোর বিভাগ/আইন ও বিচার বিভাগ/ফিল্ম এন্ড মিডিয়া স্টাডিজ বিভাগ/এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ/নৃবিজ্ঞান বিভাগ/পপুলেশন সায়েন্স বিভাগ/স্থানীয় সরকার ও নগর উন্নয়ন বিভাগ/দর্শন বিভাগ/সমাজবিজ্ঞান বিভাগ/ব্যবস্থাপনা বিভাগ/পরিসংখ্যান বিভাগ, জাককানহাব।
- ০৫। গ্রন্থাগারিক(ভারপ্রাপ্ত), জাককানহাব।
- ০৬। প্রভোস্ট, অগ্নি-বীণা হল/দোলন-চাঁপা হল/জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল/বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল, জাককানহাব।
- ০৭। প্রক্টর, জাককানহাব।
- ০৮। পরিচালক, গবেষণা ও সম্প্রসারণ/ছাত্র পরামর্শ ও নির্দেশনা/অর্থ ও হিসাব/পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস/আইকিউএসি, জাককানহাব।
- ০৯। পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), জাককানহাব।
- ১০। পরিবহন প্রশাসক, জাককানহাব।
- ১১। অতিরিক্ত পরিচালক, শারীরিক শিক্ষা বিভাগ/জনসংযোগ, তথ্য ও প্রকাশনা, ভিসি দপ্তর, জাককানহাব।
- ১২। উপ-প্রধান প্রকৌশলী, জাককানহাব।
- ১৩। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, মেডিকেল সেন্টার, জাককানহাব।
- ১৪। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ভিসি দপ্তর, জাককানহাব (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৫। অফিস নথি।
- ১৬। মহানথি।